

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ২২ আগস্ট ২০১৬/ ০৭ ভাদ্র ১৪২৩

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০০১.১৬-১২১ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির গত ০৩/০৮/২০১৬ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ মোতাবেক বাংলাদেশের সমুদ্র এলাকায় তেল-গ্যাস অনুসন্ধান/উত্তোলন ও উৎপাদনের নিমিত্ত সমুদ্র এলাকার ভূ-গঠন এবং তেল-গ্যাস প্রাপ্তির সম্ভাবনা সম্পর্কে ধারণা লাভের লক্ষ্যে Non-Exclusive Survey/Multi-Client Seismic Survey পরিচালনার জন্য পেট্রোবাংলা কর্তৃক আহ্বানকৃত আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক দরপত্র মূল্যায়নের যথার্থতা যাচাই করিবার নিমিত্ত নিম্নরূপ একটি কমিটি গঠন করিয়াছে :

(ক) কমিটির গঠন :

- | | | |
|--|---|----------|
| (১) মাননীয় মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | - | আহ্বায়ক |
| (২) মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | - | সদস্য |
| (৩) সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | - | সদস্য |
| (৪) চেয়ারম্যান, পেট্রোবাংলা | - | সদস্য |
| (৫) মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট | - | সদস্য |

(খ) কমিটির কার্যপরিধি :

বাংলাদেশের সমুদ্র এলাকায় তেল-গ্যাস অনুসন্ধান/উত্তোলন ও উৎপাদনের নিমিত্ত সমুদ্র এলাকার ভূ-গঠন এবং তেল-গ্যাস প্রাপ্তির সম্ভাবনা সম্পর্কে ধারণা লাভের লক্ষ্যে Non-Exclusive Survey/Multi-Client Seismic Survey পরিচালনার জন্য পেট্রোবাংলা কর্তৃক আহ্বানকৃত আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক দরপত্র মূল্যায়নের যথার্থতা যাচাই করিয়া কমিটি যত দ্রুত সম্ভব প্রতিবেদন দাখিল করিবে।

- (গ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।
(ঘ) এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ মোস্তাফিজুর রহমান)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

উপপরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করিয়া ২০০ (দুইশত)

কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হইল]


অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০০১.১৬-১২১

তারিখ: ০৭ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব,----- মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। চেয়ারম্যান, পেট্রোবাংলা, কাওরান বাজার, ঢাকা।
- ৪। মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
- ৫। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৬। মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রীর একান্ত সচিব,
মন্ত্রণালয়/বিভাগ (মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৭। উপসচিব, আইসিটি, মন্ত্রিপরিষদ বিভাগ (প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৮। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



(মনজুর আহমেদ)

সহকারী সচিব

ফোন : ৯৫১১০৮১